



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
তথ্য ও গণসংযোগ বিভাগ  
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

## প্রেস বিজ্ঞপ্তি

১৮ আগস্ট, ২০২১

### বাউবি'র মিডিয়া সেন্টার পরিদর্শনে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এম.পি আজ বুধবার ১৮ আগস্ট, ২০২১ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় মিডিয়া সেন্টার পরিদর্শন করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্টে বঙ্গবন্ধু পরিবারের শহীদ সদস্যদের জীবনভিত্তিক ৫টি আলোচনা অনুষ্ঠান (শিশু শেখ রাসেল ও নতুন প্রজন্ম, বঙ্গমাতার জীবনাদর্শ; অনুপ্রেরণা ও আত্মত্যাগ; শেখ কামাল; খেলাধূলা ও সাংস্কৃতিক জাগরণ; বঙ্গবন্ধুর জীবন থেকে শিক্ষা; বঙ্গবন্ধুর লেখা গ্রন্থ ও ভাষণের উদ্ধৃতি নিয়ে আলোচনা) বাউবি'র স্টুডিওতে তৈরি করে সংসদ টেলিভিশন, বাউবি'র ওয়েব টিভি ও ওপেন টিভিতে প্রচার কার্যক্রমের অংশ হিসেবে উপমন্ত্রী অনুষ্ঠানে অংশ নেয়ার জন্য বাউবি'র মূল ক্যাম্পাসে আসেন। এ সময় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরীকে স্বাগত জানান।

উপমন্ত্রী বাউবি'র মিডিয়া বিভাগের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত অবহিত হন। উপমন্ত্রী বলেন, বাউবি'তে সৃষ্ট মিডিয়া সুবিধার মাধ্যমে একাডেমিক কনটেন্ট নির্মাণ করে শিক্ষা সেবা বাড়াতে হবে। এ সময় 'বঙ্গবন্ধুর জীবন থেকে শিক্ষা' শীর্ষক এক ভিডিও আলোচনা অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এম.পি, বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ডা: নুজহাত চৌধুরী অংশ নেন।

(মোঃ আবুল কাসেম শিখদার)

পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।

মোবাইলঃ ০১৭১১১৫৭২৩৬

বার্তা সম্পাদক